

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১৪, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ২৬ অগ্রহায়ণ, ১৪২৪ বঙ্গাব্দ/১০ ডিসেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ৩৪৩-আইন/২০১৭।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। শিরোনাম।—এই বিধিমালা সরকারি কর্মচারী হাসপাতাল (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “কর্মচারী” অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদে কর্মরত কোনো ব্যক্তি;
- (খ) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;
- (গ) “ডিগ্রি বা “ডিপ্লোমা” বা “সার্টিফিকেট” অর্থ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনস্টিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রি, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট বা, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড কর্তৃক স্বীকৃত কোনো ডিগ্রি, ডিপ্লোমা বা সার্টিফিকেটের সমমানের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;
- (ঘ) “তফসিল” অর্থ এই বিধিমালার তফসিল-১, ২, ৩ ও ৪;
- (ঙ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা;
- (চ) “পদ” অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;
- (ছ) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ তফসিলে সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত প্রয়োজনীয় যোগ্যতা

(১৭৮৬৯)

মূল্য : টাকা ২০.০০

- (জ) “শিক্ষানবিশ” অর্থ কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে শিক্ষানবিশ হিসাবে নিয়োগপ্রাপ্ত কোনো ব্যক্তি;
- (ঝ) “সিজিপিএ” অর্থ Cumulative Grade Point Average (CGPA);
- (ঞ) “স্বীকৃত বিশ্ববিদ্যালয়” বা “স্বীকৃত প্রতিষ্ঠান” বা “স্বীকৃত ইনস্টিটিউট” বা “স্বীকৃত বোর্ড” অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট বা শিক্ষা বোর্ডকে বুঝাবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান, ইনস্টিটিউট বা শিক্ষা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোনো শূন্য পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা :—

- (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;
- (খ) পদোন্নতির মাধ্যমে; এবং
- (গ) শ্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

- (ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং
- (খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

- (ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং
- (খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

- (ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং
- (খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকেন এবং স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বিভাগীয় কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ১৩—১৬ গ্রেডের পদ হইতে ১০—১২ গ্রেডের কোনো পদে এবং ১০—১২ গ্রেডের পদ হইতে ৯ম গ্রেডের পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিশ।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

- (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২(দুই) বৎসরের জন্য; এবং
- (খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১(এক) বৎসরের জন্য, নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ এক বা একাধিকবার এইরূপে বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২(দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদ চলাকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতি ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন এবং সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। বিশেষ বিধান।—(১) এই বিধিমালা কার্যকর হইবার ৩০ দিনের মধ্যে সরকারি কর্মচারী হাসপাতালে কর্মরত কোনো কর্মকর্তা বা কর্মচারী তদকর্তৃক লিখিতভাবে আত্মীকরণের অভিপ্রায় ব্যক্ত করিয়া যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিলে তাহাকে এই বিধিমালার অধীন সম্বন্ধলভুক্ত পদে আত্মীকরণ করা যাইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আত্মীকৃত কর্মকর্তা বা কর্মচারীদের জ্যেষ্ঠতা, বেতন ও পেনশন, ইত্যাদি সরকার কর্তৃক জারীকৃত এতদসংশ্লিষ্ট বিধানাবলি দ্বারা নির্ধারিত হইবে।

তফসিল-১
[বিধি-২(ঘ) দ্রষ্টব্য]

ক্রমিক নং	পদের নাম ও গ্রেড	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
১।	তত্ত্বাবধায়ক (গ্রেড-৪)	-	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে	পদোন্নতির ক্ষেত্রে : সিনিয়র কনসালটেন্ট পদে অনূ্যন ২(দুই) বৎসরের চাকরিসহ কম্পিউটার চালনায় দক্ষতা। প্রেষণে বদলির ক্ষেত্রে : বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত ৪র্থ গ্রেডের কর্মকর্তাদের মধ্য হইতে।
২।	সিনিয়র কনসালটেন্ট (গ্রেড-৫)	-	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে	পদোন্নতির ক্ষেত্রে : জুনিয়র কনসালটেন্ট পদে অনূ্যন ৫(পাঁচ) বৎসরের চাকরিসহ কম্পিউটার চালনায় দক্ষতা। প্রেষণে বদলির ক্ষেত্রে : বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত ৫ম গ্রেডের কর্মকর্তাদের মধ্য হইতে।
৩।	জুনিয়র কনসালটেন্ট (গ্রেড-৬)	-	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে	পদোন্নতির ক্ষেত্রে : আবাসিক সার্জন পদে অনূ্যন ৩(তিন) বৎসর অথবা সহকারী রেজিস্ট্রার বা মেডিকেল অফিসার পদে অনূ্যন ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ কম্পিউটার চালনায় দক্ষতা। প্রেষণে বদলির ক্ষেত্রে : বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত ৬ষ্ঠ গ্রেডের কর্মকর্তাদের মধ্য হইতে।

১	২	৩	৪	৫
৪।	আবাসিক সার্জন (গ্রেড-৮)	-	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে	পদোন্নতির ক্ষেত্রে : সহকারী রেজিস্ট্রার বা মেডিকেল অফিসার পদে অন্যান্য ২ (দুই) বৎসরের চাকরিসহ কম্পিউটার চালনায় দক্ষতা। প্রেষণে বদলির ক্ষেত্রে : বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত ৮ম গ্রেডের কর্মকর্তাদের মধ্য হইতে।
৫।	সহকারী রেজিস্ট্রার (গ্রেড-৯)	৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে	সরাসরি নিয়োগের ক্ষেত্রে : ব্যাচেলর অফ মেডিসিন এন্ড ব্যাচেল অফ সার্জারি বা সমমানের ডিগ্রিসহ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত এবং কম্পিউটার চালনায় দক্ষতা। প্রেষণে বদলির ক্ষেত্রে : বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত ৯ম গ্রেডের কর্মকর্তাদের মধ্য হইতে।
৬।	মেডিকেল অফিসার (গ্রেড-৯)	৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে	সরাসরি নিয়োগের ক্ষেত্রে : ব্যাচেলর অফ মেডিসিন এন্ড ব্যাচেল অফ সার্জারি বা সমমানের ডিগ্রিসহ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত এবং কম্পিউটার চালনায় দক্ষতা। প্রেষণে বদলির ক্ষেত্রে: বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত ৯ম গ্রেডের কর্মকর্তাদের মধ্য হইতে।
৭।	নার্সিং সুপারিনটেনডেন্ট (মেট্রোন) (গ্রেড-৯)	-	পদোন্নতির মাধ্যমে	নার্সিং সুপারভাইজার বা সিনিয়র স্টাফ নার্স বা নার্সিং সুপারভাইজার ও সিনিয়র স্টাফ নার্স পদে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ পাবলিক হেলথ নার্সিং বা নার্সিং এ স্নাতক ডিগ্রি।
৮।	সহকারী প্রোগ্রামার (গ্রেড-৯)	Computer Personnel (Government Organisations) Recruitment Rules, 1985 অনুযায়ী।		
৯।	সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (গ্রেড-৯)	Computer Personnel (Government Organisations) Recruitment Rules, 1985 অনুযায়ী।		

১	২	৩	৪	৫
১০।	পরিসংখ্যান অফিসার (গ্রেড-৯)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) পরিসংখ্যানে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; এবং (খ) কম্পিউটার চালনায় দক্ষতা।
১১।	পুষ্টিবিদ (গ্রেড-৯)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) পুষ্টিবিজ্ঞানে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; এবং (খ) কম্পিউটার চালনায় দক্ষতা।
১২।	সমাজ কল্যাণ অফিসার (গ্রেড-১০)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) সমাজকল্যাণ বা সমাজকর্ম বা সমাজ বিজ্ঞানে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; এবং (খ) কম্পিউটার চালনায় দক্ষতা।
১৩।	জুনিয়র হেলথ এডুকেশন অফিসার (গ্রেড-১০)	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	<u>পদোন্নতির ক্ষেত্রে :</u> হেলথ এডুকেশন পদে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ কম্পিউটার চালনায় দক্ষতা। <u>প্রেষণে বদলির ক্ষেত্রে:</u> স্বাস্থ্য শিক্ষা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা।
১৪।	স্টোর অফিসার (গ্রেড-১০)	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	<u>পদোন্নতির ক্ষেত্রে :</u> প্রধান সহকারী কাম হিসাব রক্ষক পদে অন্যান্য ৫ (পাঁচ) বৎসর বা স্টোর কিপার পদে অন্যান্য ৮(আট) বৎসরের চাকরিসহ কম্পিউটার চালনায় দক্ষতা।

১	২	৩	৪	৫
				<p><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u></p> <p>(ক) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; এবং</p> <p>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা।</p>
১৫।	নার্সিং সুপারভাইজার (গ্রেড-১০)	-	পদায়নের মাধ্যমে	সিনিয়র স্টাফ নার্স পদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়ন এর মাধ্যমে।
১৬।	সিনিয়র স্টাফ নার্স (গ্রেড-১০)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p>(ক) নার্সিং এ স্নাতক ডিগ্রি অথবা ডিপ্লোমা ইন-নার্সিং বা ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি সার্টিফিকেটসহ বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক নিবন্ধিত; এবং</p> <p>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা।</p>
১৭।	ফার্মাসিষ্ট (গ্রেড-১১)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p>(ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ ফার্মেসিতে ৩ (তিন) বৎসরের ডিপ্লোমা ও কম্পিউটার চালনায় দক্ষতা; এবং</p> <p>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ</p>
১৮।	মেডিকেল টেকনোলজিস্ট (গ্রেড-১১)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p>(ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে ৩(তিন) বৎসরের ডিপ্লোমা ও কম্পিউটার চালনায় দক্ষতা; এবং</p> <p>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>
১৯।	হেলথ এডুকেটর (গ্রেড-১১)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p>(ক) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা;</p> <p>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং</p> <p>(গ) স্বাস্থ্য শিক্ষা বিষয়ে সার্টিফিকেট কোর্সধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে।</p>

১	২	৩	৪	৫
২০।	ইপিআই টেকনিশিয়ান (গ্রেড-১১)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রিসহ বিসিজি প্রশিক্ষণপ্রাপ্ত এবং কম্পিউটার চালনায় দক্ষতা; এবং (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
২১।	পিএ কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার চালনায় দক্ষতা; এবং (খ) তফসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
২২।	প্রধান সহকারী কাম হিসাব রক্ষক (গ্রেড-১৩)	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	<u>পদোন্নতির ক্ষেত্রে:</u> উচ্চমান সহকারী বা ক্যাশিয়ার বা হিসাব রক্ষক পদে অনূন ৩(তিন) বৎসরের চাকরিসহ কম্পিউটার চালনায় দক্ষতা। <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u> (ক) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা ও সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
২৩।	কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩)	Computer Personnel (Government Organisations) Recruitment Rules, 1985 অনুযায়ী।		
২৪।	ক্যাশিয়ার (গ্রেড-১৪)	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	<u>পদোন্নতির ক্ষেত্রে:</u> ক্যাশ সরকার পদে অনূন ৭(সাত) বৎসরের চাকরিসহ কম্পিউটার চালনায় দক্ষতা। <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u> (ক) বাণিজ্যে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা; এবং (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।

১	২	৩	৪	৫
২৫।	পরিসংখ্যান সহকারী (গ্রেড-১৪)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) পরিসংখ্যানে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ- তে স্নাতক ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা; এবং (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
২৬।	স্টোর কিপার (গ্রেড-১৪)	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	<u>পদোন্নতির ক্ষেত্রে:</u> স্টোর এসিসটেন্ট পদে অনূন্য ৫(পাঁচ) বৎসরের চাকরিসহ কম্পিউটার চালনায় দক্ষতা। <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u> (ক) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ- তে স্নাতক ডিগ্রি ; (খ) সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠানে ২(দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতাসহ কম্পিউটার চালনায় দক্ষতা; (গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং (ঘ) সরকারি বিধি মোতাবেক জামানত প্রদান করিতে হইবে।
২৭।	উচ্চমান সহকারী (গ্রেড-১৪)	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা রেকর্ড কিপার পদে অনূন্য ৫(পাঁচ) বৎসরের চাকরিসহ কম্পিউটার চালনায় দক্ষতা।
২৮।	হিসাব রক্ষক (গ্রেড-১৪)	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	<u>পদোন্নতির ক্ষেত্রে:</u> হিসাব সহকারী পদে অনূন্য ৩(তিন) বৎসরের চাকরিসহ কম্পিউটার চালনায় দক্ষতা। <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u> (ক) বাণিজ্যে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ- তে স্নাতক ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা; এবং (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।

১	২	৩	৪	৫
২৯।	ডাটা এন্ট্রি অপারেটর (গ্রেড-১৬)	Computer Personnel (Government Organisations) Recruitment Rules, 1985 অনুযায়ী।		
৩০।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬)	৩০ বৎসর	(ক) ৩০% পদ বিধি ৭ এর অধীন আত্তীকৃত অফিস সহায়ক পদধারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে এই কোটা পূরণ করা হইবে; (খ) ৭০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে	<u>পদোন্নতির ক্ষেত্রে:</u> (ক) অফিস সহায়ক পদে অন্যান্য ৬(ছয়) বৎসরের চাকরিসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং (খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u> (ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার চালনায় দক্ষতা; এবং (খ) তফসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
৩১।	স্টুয়ার্ড (গ্রেড-১৬)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা ও কম্পিউটার চালনায় দক্ষতা; এবং (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
৩২।	ওয়ার্ড মাস্টার (গ্রেড-১৬)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা ও কম্পিউটার চালনায় দক্ষতা; এবং (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
৩৩।	ইলেকট্রো মেকানিক (গ্রেড-১৬)	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	<u>পদোন্নতির ক্ষেত্রে:</u> ইলেকট্রিশিয়ান পদে অন্যান্য ২(দুই) বৎসরের চাকরিসহ কম্পিউটার চালনায় দক্ষতা;

১	২	৩	৪	৫
				<p><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u></p> <p>(ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ ২(দুই) বৎসরের ইলেকট্রিক্যাল ট্রেডকোর্স সার্টিফিকেট;</p> <p>(খ) সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা ও কম্পিউটার চালনায় দক্ষতা; এবং</p> <p>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>
৩৪।	টেলিফোন অপারেটর (হেড-১৬)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p>(ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং</p> <p>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>
৩৫।	রেকর্ড কিপার (হেড-১৬)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p>(ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং</p> <p>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>
৩৬।	হিসাব সহকারী (হেড-১৬)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p>(ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং</p> <p>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>
৩৭।	ডায়েট এ্যাসিস্ট্যান্ট (হেড-১৬)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p>(ক) পুষ্টিবিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা; এবং</p> <p>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>

১	২	৩	৪	৫
৩৮।	স্টোর এ্যাসিসট্যান্ট (গ্রেড-১৬)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং (গ) সরকারি বিধি মোতাবেক জামানত প্রদান করিতে হইবে।
৩৯।	টিকেট ক্লার্ক (গ্রেড-১৬)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার চালনায় দক্ষতা; এবং (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
৪০।	জুনিয়র মেকানিক (গ্রেড-১৬)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট; এবং (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
৪১।	আর্টিস্ট (গ্রেড-১৬)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) ফাইন আর্ট এ স্নাতক ডিগ্রি বা সমমানের ডিগ্রি অথবা ব্যাচেলর অব ফাইন আর্টস প্রি-ডিগ্রি; এবং (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
৪২।	স্ট্রেরিলাইজার অপারেটর (গ্রেড-১৬)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) বিজ্ঞানে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ মেকানিক্যাল বা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ট্রেড কোর্স সার্টিফিকেট; (খ) ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং (গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
৪৩।	ইলেকট্রিশিয়ান (গ্রেড-১৭)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট; (খ) ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং (গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।

১	২	৩	৪	৫
৪৪।	ক্যাশ সরকার (গ্রেড-১৯)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং (খ) তফিসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
৪৫।	ড্রাইভার (গ্রেড-১৬)	অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা”, ২০০৮ অনুযায়ী।		
৪৬।	ইসিজি টেকনিশিয়ান (গ্রেড-১৬)	অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা”, ২০০৮ অনুযায়ী।		
৪৭।	ওটি টেকনিশিয়ান (গ্রেড-১৬)	অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা”, ২০০৮ অনুযায়ী।		
৪৮।	লিফট অপারেটর (গ্রেড-১৮)	অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা”, ২০০৮ অনুযায়ী।		
৪৯।	ডার্ক রুম অপারেটর (গ্রেড-১৮)	অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা”, ২০০৮ অনুযায়ী।		
৫০।	ল্যাব এ্যাটেনডেন্ট (গ্রেড-১৯)	অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা”, ২০০৮ অনুযায়ী।		
৫১।	ওটি এ্যাটেনডেন্ট (গ্রেড-১৯)	অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা”, ২০০৮ অনুযায়ী।		
৫২।	বার্তাবাহক (গ্রেড-২০)	অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা”, ২০০৮ অনুযায়ী।		
৫৩।	অফিস সহায়ক (গ্রেড-২০)	অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা”, ২০০৮ অনুযায়ী।		

১	২	৩	৪	৫
৫৪।	ওয়ার্ড বয় (গ্রেড-২০)	অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা”, ২০০৮ অনুযায়ী।		
৫৫।	আয়া (গ্রেড-২০)	অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা”, ২০০৮ অনুযায়ী।		
৫৬।	মালী (গ্রেড-২০)	অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা”, ২০০৮ অনুযায়ী।		
৫৭।	বাবুর্চি (গ্রেড-২০)	অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা”, ২০০৮ অনুযায়ী।		
৫৮।	নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০)	অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা”, ২০০৮ অনুযায়ী।		
৫৯।	পরিচ্ছন্নতা কর্মী (গ্রেড-২০)	অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা”, ২০০৮ অনুযায়ী।		

তফসিল-২

[বিধি-২ (ঘ) দ্রষ্টব্য]

গ্রেড-১১ হইতে গ্রেড-১৬ পর্যন্ত (কম্পিউটার অপারেটর ও ডাটা এন্ট্রি অপারেটর ব্যতীত) পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি

ক্রমিক নং	পরীক্ষা ও বিষয়ের নাম	মোট নম্বর	সর্বনিম্ন পাস নম্বর	সময়
(ক) লিখিত পরীক্ষা		১০০	৫০%	৯০ মিনিট
১.	বাংলা	৩০		
২.	ইংরেজি	৩০		
৩.	গণিত/টেকনিক্যাল	২০		
৪.	সাধারণ জ্ঞান	২০		
(খ) মৌখিক পরীক্ষা		১০		
সর্বমোট		১১০		

ব্যাখ্যা : (১) পিএ কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় এবং তফসিল-৩ এ বর্ণিত সাঁটলিপি/মুদ্রাক্ষর টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবে। অন্যান্য গ্রেডের পদের ক্ষেত্রে শুধু লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবে।

তফসিল-৩

[বিধি-২ (ঘ) দৃষ্টব্য]

পিএ কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি

পদের নাম	সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে		কম্পিউটার মুদ্রাক্ষর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে		প্রতি বিষয়ে সর্বমোট নম্বর	প্রতি বিষয়ে সর্বনিম্ন নম্বর	ইংরেজি পরীক্ষার সময়		বাংলা পরীক্ষার সময়	
	ইংরেজি	বাংলা	ইংরেজি	বাংলা			ইংরেজি শর্টহ্যান্ড	ইংরেজি টাইপিং	বাংলা শর্টহ্যান্ড	বাংলা টাইপিং
পিএ কাম কম্পিউটার অপারেটর	৮০ শব্দ	৫০ শব্দ	৩০ শব্দ	২৫ শব্দ	১০০	৪০%	৫ মিনিট	১০ মিনিট	৫ মিনিট	১০ মিনিট
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	--	--	২০ শব্দ	২০ শব্দ	৫০	৪০%	--	১০ মিনিট	--	১০ মিনিট

ব্যাখ্যা : ১. সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে।

২. ৫% অধিক ভুলে ক্ষেত্রে কোন গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

৩. বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

৪. সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

তফসিল-৪

[বিধি-২ (ঘ) দ্রষ্টব্য]

হেড-১৭ ও ১৯ নং পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি

ক্রমিক নং	পরীক্ষা ও বিষয়ের নাম	মোট নম্বর	সময়
(ক) লিখিত পরীক্ষা		৫০	১ ঘন্টা
১.	বাংলা	১৫	
২.	ইংরেজি	১৫	
৩.	গণিত/টেকনিক্যাল	১০	
৪.	সাধারণ জ্ঞান	১০	
(খ) মৌখিক পরীক্ষা		১০	
সর্বমোট		৬০	

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

১৭৮৮
৬-৫৮৫

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, ডিসেম্বর ১৪, ২০১৭